গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা
(সাধারণ শাখা)
www.dhaka.gov.bd

নজরুল বর্ষ

স্মারক নং: ০৫.৪১.২৬০০.০০৯.১৬.০০৪.২৩/২৮০ তারিখ: ১৬/০৬/২০২৫

# সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫ (সংশোধিত)' এর আলোকে ঢাকা জেলায় নিম্নোক্ত ডিলার ইউনিটের বিপরীতে সার ডিলার নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | উপজেলা | ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন | শূন্য ডিলার ইউনিট/সার ডিলারের কার্য এলাকা<br>-------------- ওয়ার্ড |
|---|---|---|---|
| ১ | ধামরাই | চৌহাট | দ্বিমুখা, ওয়ার্ড ১,২,৩ |
| ২ | | আমতা | আমতা, ওয়ার্ড ১,২,৩ |
| ৩ | | যাদবপুর | বিলকুশনাই, ওয়ার্ড ১,২,৩ |
| ৪ | | | আমছিমুর, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৫ | | বাইশাকান্দা | বাইশাকান্দা,ওয়ার্ড ১,২,৩ |
| ৬ | | গাংগুটিয়া | বারবাড়িয়া, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৭ | | সানোড়া | বাসনা, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৮ | | | ভালুম, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৯ | | সুতিপাড়া | বাথুলী, ওয়ার্ড ১,২,৩ |
| ১০ | | | শ্রীরামপুর, ওয়ার্ড ৪,৫,৬ |
| ১১ | | সোমভাগ | দেপাশাই, ওয়ার্ড ১,২,৩ |
| ১২ | | ভাড়ারিয়া | কাকরান, ওয়ার্ড ৭,৮,৯ |
| ১৩ | | পৌরসভা | পৌরসভা, ওয়ার্ড ৭,৮,৯ |
| ১৪ | | ধামরাই | আশুলিয়া, ওয়ার্ড ১,২,৩ |
| ১৫ | | কুল্লা | কুল্লা, ওয়ার্ড ১,২,৩ |
| ১৬ | | সুয়াপুর | ফুলতলা, ওয়ার্ড ৭,৮,৯ |
| ১৭ | | নান্নার | চাউনা, ওয়ার্ড ১,২,৩ |
| ১৮ | | | জলসীন,ওয়ার্ড ৭,৮,৯ |
| ১৯ | সাভার | পাথালিয়া | ঘুঘুদিয়া, ওয়ার্ড ৪,৫,৬ |
| ২০ | | | নোয়াদ্দা চার রাস্তার মোড়, ওয়ার্ড ৭,৮,৯ |
| ২১ | | আশুলিয়া | কাঠগড়া বাজার, ওয়ার্ড ১,২,৩ |
| ২২ | | ইয়ারপুর | গোমাইল দিয়াখালী ব্রীজ, ওয়ার্ড ১,২,৩ |
| ২৩ | | বিরুলিয়া | সামাইর জামাই বাজার, ওয়ার্ড ৭,৮,৯ |
| ২৪ | | | সাদুল্যাপুর, বিরুলিয়া,ওয়ার্ড ৪,৫,৬ |
| ২৫ | | তেতুলঝোড়া | রাজাঘাট বাজার,ওয়ার্ড ১,২,৩ |
| ২৬ | | বনগাঁও | কোটাপাড়া,ওয়ার্ড ৭,৮,৯ |
| ২৭ | | ভাকুর্তা | মুগড়াকান্দা বাজার, ওয়ার্ড ৭,৮,৯ |
| ২৮ | | কাউন্দিয়া | কাউন্দিয়া বাজার, ওয়ার্ড ১-৯ |

| ক্রমিক নং | উপজেলা | ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন | শূন্য ডিলার ইউনিট/সার ডিলার এর কার্য এলাকা<br>-------------- ওয়ার্ড |
|---|---|---|---|
| ২৯ | কেরানীগঞ্জ | হযরতপুর | হযরতপুর, ওয়ার্ড ১,২,৩ |
| ৩০ | | | বাটারাকান্দি, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৩১ | | কলতিয়া | তালেপুর, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৩২ | | | বেলনা, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৩৩ | | তারানগর | বাংলানগর, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৩৪ | | শাক্তা | আটি, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৩৫ | | | খোলামোড়া, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৩৬ | | বাস্তা | বাস্তা, ওয়ার্ড ১,২,৩ |
| ৩৭ | | শুভাঢ্যা | কালিগঞ্জ, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৩৮ | | | ইকুরিয়া, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৩৯ | | কোন্ডা | মির্জাপুর, ওয়ার্ড ১,২,৩ |
| ৪০ | নবাবগঞ্জ | শিকারীপাড়া | দাউদপুর, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৪১ | | জয়কৃষ্ণপুর | রাজাপুর, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৪২ | | বারুয়াখালী | কুমারবাড়িল্যা, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৪৩ | | | আলালপুর, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৪৪ | | শোল্লা | আওনা, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৪৫ | | বান্দুরা | মহব্বতপুর, ওয়ার্ড ১,২,৩ |
| ৪৬ | | | নূরনগর, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৪৭ | | কলাকোপা | কলাকোপা, ওয়ার্ড ১,২,৩ |
| ৪৮ | | | রাজাপুর, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৪৯ | | বক্সনগর | বক্সনগর, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৫০ | | | দিঘীরপাড়, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৫১ | | বাহ্রা | কান্দামাত্রা, ওয়ার্ড ১,২,৩ |
| ৫২ | | | বাহ্রা, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৫৩ | দোহার | কৈলাইল | কৈলাইল, ওয়ার্ড ১,২,৩ |
| ৫৪ | | | দড়িকান্দা ও দৌলতপুর, ওয়ার্ড ৬,৭,৯ |
| ৫৫ | | আগলা | মাঝপাড়া, ওয়ার্ড ১,২,৩ |
| ৫৬ | | | চরচরিয়া, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৫৭ | | গালিমপুর | গালিমপুর, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৫৮ | | | সোনাহাজরা,ওয়ার্ড ৭,৮,৯ |
| ৫৯ | | চুড়াইন | কামারখোলা, ওয়ার্ড ১,২,৩ |
| ৬০ | | নয়াবাড়ি | অরঙ্গাবাদ, ওয়ার্ড ১,২,৩ |
| ৬১ | | | আন্তাবাহ্রা, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৬২ | | | ধোয়াইর,ওয়ার্ড ৭,৮,৯ |
| ৬৩ | | কুসুমহাটি | কার্তিকপুর, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৬৪ | | | চরকুশাই, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৬৫ | | রাইপাড়া | পালামগঞ্জ, ওয়ার্ড ১,২,৩ |
| ৬৬ | | | জামালচর, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৬৭ | | | রাইপাড়া, ওয়ার্ড ৭,৮,৯ |

| ক্রমিক নং | উপজেলা | ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন | শূন্য ডিলার ইউনিট/সার ডিলারের কার্য এলাকা -------------- ওয়ার্ড |
|---|---|---|---|
| ৬৮ | দোহার | সুতারপাড়া | মধুরচর, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৬৯ | | | গাজিরটেক, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৭০ | | নারিশা | মেঘুলা, ওয়ার্ড ১,২,৩ |
| ৭১ | | | নারিশা ওয়ার্ড ৪,৫,৬ |
| ৭২ | | মুকসুদপুর | মুকসুদপুর, ওয়ার্ড ১,২,৩ |
| ৭৩ | | | মধুরখোলা, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৭৪ | | | মইতপাড়া, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৭৫ | | মাহমুদপুর | হোসেনপুর, ওয়ার্ড ১,২,৩ |
| ৭৬ | | | চরকুশাইরচর, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৭৭ | | বিলাশপুর | দেবিনগর, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৭৮ | | | কুতুবপুর, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৭৯ | মিরপুর | আগারগাঁও | আগারগাঁও, ২৮ |
| ৮০ | কামরাঙ্গীরচর | সিদ্দিকবাজার | সিদ্দিকবাজার, ৩৪ |

**শতাবলী:**

(ক) 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫ (সংশোধিত)' এর পরিশিষ্ট-১ এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে।

(খ) আবেদনকারীদের নির্ধারিত শূন্য ডিলার ইউনিটের বিপরীতে 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫ (সংশোধিত)') এ বর্ণিত শর্ত পূরণসাপেক্ষে আবেদন করতে হবে।

(গ) ইতোপূর্বে সংশ্লিষ্ট ডিলার ইউনিটের বিপরীতে সার ডিলার নিয়োগের জন্য আবেদন করেছেন এমন আবেদনকারীদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই; তাদের পূর্বে দাখিলকৃত আবেদনপত্র সংশোধিত নীতিমালা-২০২৫ অনুযায়ী বিবেচনা করা হবে।

**(ঘ) যোগ্যতা:**

১. আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের/উপজেলার/ পৌরসভা/সিটি কর্পোরেশনের বাসিন্দা হতে হবে ও এর প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র বা প্রশাসক/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;

২. নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট কার্য এলাকায় (ডিলার ইউনিটে) কমপক্ষে ৫০ মেট্রিক টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে। তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং একইভাবে সারের গুদামে বীজ ও বালাইনাশক সংরক্ষণ করা যাবে না; এছাড়াও নির্বাচিত সার ডিলারদের ২টি করে সেল সেন্টারে ১০ মেট্রিক টন ধারণক্ষমতা সম্পন্ন বিক্রয় কেন্দ্র স্থাপন নিশ্চিত পূর্বক সার বিক্রয় করতে হবে (সিটি কর্পোরেশনে নিয়োগ প্রাপ্ত ২টি ডিলারের ৫টি করে মোট ১০ টি বিক্রয় কেন্দ্র থাকতে হবে);

৩. বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে;

৪. আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ১০.০০ (দশ) লক্ষ টাকার সাম্প্রতিক সময়ের ব্যাংক সলভেন্সি সনদ থাকতে হবে;

৫. ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে;

৬. আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর হতে হবে;

৭. আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে; এবং

৮. আবেদনকারীর টিআইএন থাকতে হবে।

৯. আবেদনপত্রের সঙ্গে আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ২০০০/- (দুই হাজার) টাকার পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট '**জেলা সার ও বীজ মনিটরিং কমিটি**'র সভাপতি বরাবর জমা দিতে হবে;

**(ঙ) অযোগ্যতা:**

১. ইতঃপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতঃপূর্বে ব্যবসায়ে অনিয়ম/কোনো ফৌজদারি বা অন্য কোনো আইনে দণ্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দণ্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের দুই (২) বছর পর আবেদন করতে পারবেন;

২. কোনো সরকারি কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে/থাকতে পারবেন না;

৩. সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ থাকলে অপর কেউ আবেদন করতে বা ডিলার থাকতে পারবেন না। এক্ষেত্রে পরিবারের সংজ্ঞা দেশে বিদ্যমান প্রচলিত আইন দ্বারা নির্ধারিত হবে; এবং

**(চ)** একই সঙ্গে জেলা প্রশাসক ও সভাপতি, **'জেলা সার ও বীজ মনিটরিং কমিটি'** বরাবর আর্নেস্ট মানি বাবদ ১০,০০০/-(দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনো প্রকার তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আর্নেস্ট মানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট বাজেয়াপ্ত হবে। ফলাফল প্রকাশের পর জেলা প্রশাসক অনির্বাচিত আবেদনকারীদের আর্নেস্ট মানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। নির্বাচিত আবেদনকারীর সঙ্গে ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর তার জমাকৃত আর্নেস্ট মানি ফেরত প্রদান করা হবে

**(ছ) আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও স্থান:**

(i) আগামী ৩১/০৮/২০২৬খ্রি. তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে;

(ii) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫ এর দপ্তরে জমা করতে হবে।

(iii) কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২১.০৮.২০২৬

ফরিদা খানম
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
ঢাকা